

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০৪২.১৪- ৪২৬

তারিখঃ ২৬/১০/২০১৪ খ্রিঃ।

প্রেরকঃ উপ-পরিচালক (কাবিখা-১)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।


প্রাপকঃ জেলা প্রশাসক..... (সকল)।

বিষয়ঃ ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ১ম পর্যায়ের বরাদ্দকৃত খাদ্যশস্যের (চাল) মূল বরাদ্দ প্রদান।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১৪/১০/২০১৪ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০১৬.১৪-১৮০ নং স্মারকের প্রেক্ষিতে চলতি ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় আপনার জেলায় নির্বাচনী এলাকায় মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ১৪-০৯-২০১৪ খ্রিঃ তারিখে ৫১.০১.০০০০.০১১.১৪.০৪২.১৪-৩৭৩ নং স্মারকের মাধ্যমে ১ম পর্যায়ের সম্ভাব্য (Notional allocation) বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) দিয়ে ৩০-১০-২০১৪ তারিখের মধ্যে জেলা কর্ণধার কমিটিতে অনুমোদিত প্রকল্পসমূহের বিপরীতে নিম্নবর্ণিত শর্ত ও কাবিখা নির্দেশিকা অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত খাদ্যশস্যের মূল বরাদ্দ প্রদান করা হলো।

শর্তাবলীঃ


- (১) ১৯/৮/২০১৩ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে জারীকৃত “গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি নির্দেশিকা” অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন বিষয়টি অবহিত করতে হবে ;
- (২) এ কর্মসূচির খাদ্যশস্য ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও শর্ত ১ এ বর্ণিত নির্দেশিকা এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
- (৩) শুল্কমাত্র সম্ভাব্য বরাদ্দে (Notional allocation) গৃহীত প্রকল্পসমূহের অনুকূলে এ খাদ্যশস্য ছাড় করা যাবে;
- (৪) বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) দ্বারা প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রতি সপ্তাহে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে ;
- (৫) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আপনার প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
- (৬) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।


(মোঃ আবদুল মালেক)
(উপ-সচিব)

উপ-পরিচালক(কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩।

Email: kabikha@gmail.com

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০৪২.১৪- ৪২৬

 তারিখঃ ২৬/১০/২০১৪ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা.....।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার,.....
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,.....
- ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,.....

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আবদুল মালেক)
(উপ-সচিব)

উপ-পরিচালক(কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩।

